গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২০১/২০১৭-১৮

ঢাকা, মঙ্গলবার, ১৭ এপ্রিল ২০১৮, ৪ বৈশাখ ১৪২৫

১। সৌদি আরবে সামরিক মহড়ার সমাপনী অনুষ্ঠানে অংশ নিলেন প্রধানমন্ত্রী

২। যুক্তরাজ্যের উদ্দেশে প্রাধানমন্ত্রীর সৌদি আরব ত্যাগ

৩। ঐতিহাসিক মুজিবনগর দিবস আজ

৪। গুরুত্ব ও মর্যাদার সঙ্গে বেগম খালেদা জিয়াকে সর্বোচ্চ চিকিৎসা দেয়া হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

৫। শিল্পে নতুন গ্যাস সংযোগের প্রক্রিয়া আগামী মাসে শুরু : জ্বালানি উপদেষ্টা

৬। এসএসসির ফল প্রকাশ মে'র প্রথম সপ্তাহে

৭। উৎসব ভাতায় ৫ শতাংশ ইনক্রিমেন্ট পাবেন পেনশন সমপর্ণকারীরা

৮। কমনওয়েলথ উদ্ভাবনী সূচকে ২৪তম বাংলাদেশ

৯। জাতীয় জাদুঘরসহ দর্শনীয় স্থান থেকে সরকারের আয় প্রায় ৪ কোটি টাকা

চলমান পাতা-২

১। সৌদি আরবে সামরিক মহড়ার সমাপনী অনুষ্ঠানে অংশ নিলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৬ এপ্রিল সোমবার) সৌদি আরবের নেতৃত্বাধীন এক যৌথ সামরিক মহড়ার সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে যোগ দিয়েছেন। সৌদি আরবের পূর্বাঞ্চলীয় প্রদেশ আল-জুবাইলে 'গাল্ফ

শিল্ড-১' শীর্ষক এ কুচকাওয়াজ অনুষ্ঠিত হচ্ছে। সৌদি বাদশা সালমান বিন আবদুল আজিজ আল-সৌদের আমন্ত্রণে প্রধানমন্ত্রী এ অনুষ্ঠানে যোগ দেন। গতকাল অনুষ্ঠানস্থলে পৌঁছালে বাংলাদেশের সরকার প্রধানকে স্বাগত জানান সৌদি আরবের বাদশা সালমান। কুচকাওয়াজে বাংলাদেশসহ ২৪টি দেশের সশস্ত্র বাহিনীর সদস্যরা অংশ নিয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

২। যুক্তরাজ্যের উদ্দেশে প্রাধানমন্ত্রীর সৌদি আরব ত্যাগ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৬ এপ্রিল সোমবার) যুক্তরাজ্যের উদ্দেশে সৌদি আরব ত্যাগ করেছেন। প্রধানমন্ত্রী এবং তাঁর সফরসঙ্গীদের বহনকারী সৌদি সরকারের একটি বিশেষ বিমান স্থানীয় সময় সন্ধ্যা ৬টা ৫০ মিনিটে বাদশাহ আব্দুল আজিজ বিমান ঘাঁটি ত্যাগ করে। সৌদি আরবে বাংলাদেশের রাষ্ট্রদূত গোলাম মসীহ এবং বাংলাদেশ দূতাবাসের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে বিদায় জানান। প্রধানমন্ত্রী তাঁর ৬ দিনের যুক্তরাজ্য সফরকালে কমনওয়েলথ সরকার প্রধানদের সঙ্গে বৈঠক (সিএইচওজিএম) এবং অন্যান্য অনুষ্ঠানে যোগ দেবেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১)।

৩। ঐতিহাসিক মুজিবনগর দিবস আজ

আজ ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস। ১৯৭১ সালের এ দিনে তৎকালীন কুষ্টিয়া জেলার মেহেরপুর মহকুমার বৈদ্যনাথতলার আম্রকাননে বাংলাদেশ সরকারের প্রথম মন্ত্রিসভা শপথ গ্রহণ করে। রচিত হয় স্বাধীন বাংলাদেশের নতুন ইতিহাস। দিবসটি উপলক্ষে গতকাল (১৬ এপ্রিল সোমবার) রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণীতে তাঁরা মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে দেশ গঠনে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৪। গুরুত্ব ও মর্যাদার সঙ্গে বেগম খালেদা জিয়াকে সর্বোচ্চ চিকিৎসা দেয়া হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে বন্দি থাকা অবস্থায় বেসরকারি হাসপাতালে চিকিৎসা দেয়া সম্ভব নয়। জেলকোড মেনে তাঁকে গুরুত্ব ও মর্যাদার সঙ্গে সর্বোচ্চ চিকিৎসাসেবা দেয়া হচ্ছে। তিনি শারীরিকভাবে সুস্থ রয়েছেন। গতকাল (১৬ এপ্রিল সোমবার) সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। সূত্রঃ **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

৫। শিল্পে নতুন গ্যাস সংযোগের প্রক্রিয়া আগামী মাসে শুরু : জ্বালানি উপদেষ্টা

আগামী মাস থেকে শিল্প-কারখানায় নতুন গ্যাস সংযোগ দেওয়ার প্রক্রিয়া শুরু হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর জ্বালানি উপদেষ্টা তৌফিক-ই-এলাহী চৌধুরী। গতকাল (১৬ এপ্রিল সোমবার) ধামরাইয়ের বাথুলীতে আজিম গ্রুপের গ্লোবাল স্টিল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং লিমিটেড কারখানা উদ্বোধনশেষে তিনি এ কথা জানান। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **যুগান্তর** (পৃ.১,ক.২), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

৬। এসএসসির ফল প্রকাশ মে'র প্রথম সপ্তাহে

২০১৮ সালের এসএসসি ও সমমানের পরীক্ষার ফল মে' মাসের প্রথম সপ্তাহে প্রকাশিত হবে। ঢাকা শিক্ষা বোর্ডের কর্মকর্তারা জানিয়েছেন, তাঁরা ৩ থেকে ৭ মে'র মধ্যে ফল প্রকাশের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব

পাঠিয়েছেন। ৪ ও ৫ মে সরকারি ছুটি। এ কারণে ৬ মে ফল প্রকাশ হতে পারে। এ দিনটিকেই টার্গেট করে ফল প্রকাশের প্রস্তুতি নিচ্ছে ঢাকা শিক্ষাবোর্ডসহ অন্য বোর্ডগুলো। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৭। উৎসব ভাতায় ৫ শতাংশ ইনক্রিমেন্ট পাবেন পেনশন সমপর্ণকারীরা

সরকারি চাকরিতে শতভাগ পেনশন উত্তোলনকারী এখন থেকে উৎসব ভাতায় পাঁচ শতাংশ হারে ইনক্রিমেন্ট পাবেন। সাধারণত তারা বছরে দু'টি উৎসব ভাতা পান। সম্প্রতি এ সংক্রান্ত একটি পরিপত্র জারি করেছে অর্থ বিভাগ। পরিপত্রে বলা হয়েছে, জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৯ (৩) অনুচ্ছেদ অনুযায়ী ১০০ শতাংশ পেনশন সমর্পণকারীরা, ১০০ শতাংশ পেনশন সমর্পণ না করিলে যে পরিমাণ মাসিক নীট পেনশন প্রাপ্য হতেন ঐ পরিমাণ প্রতি অর্থ বছরের দু'টি উৎসব ভাতা হিসেবে প্রাপ্য হবেন। সূত্র : **ইনকিলাব** (পৃ.৩,ক.৪), **সংবাদ** (পৃ.৪,ক.১)।

৮। কমনওয়েলথ উদ্ভাবনী সূচকে ২৪তম বাংলাদেশ

কমনওয়েলথের ২০১৮ সালের উদ্ভাবনী সূচকে ২৪তম অবস্থানে রয়েছে বাংলাদেশ। গতকাল (১৬ এপ্রিল সোমবার) এ সূচক প্রকাশিত হয়। অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবিলায় কমনওয়েলথের ৫৩টি সদস্য দেশের কার কতটা উদ্ভাবনী শক্তি আছে এবং এতে কোন দেশ কতটুকু এগিয়ে যাচ্ছে, এসব বিবেচনায় এ সূচক করা হয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

৯। জাতীয় জাদুঘরসহ দর্শনীয় স্থান থেকে সরকারের আয় প্রায় ৪ কোটি টাকা

জাতীয় জাদুঘরসহ দর্শনীয় আট স্থান থেকে বিগত অর্থবছরে সরকারের আয় হয়েছে ৩ কোটি ৮৭ টাকা ৯৫ হাজার ৭৭২ টাকা। সবচেয়ে বেশি আয় হয়েছে জাতীয় জাদুঘর থেকে। ২০১৭ অর্থবছরে জাতীয় জাদুঘর থেকে আয় হয়েছে ২ কোটি ১৮ লাখ ১০ হাজার ৯৫৫ কোটি। গতকাল (১৬ এপ্রিল সোমবার) জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এ তথ্য জানানো হয়। সূত্র : **যুগান্তর** (পৃ.১৬,ক.৭), **যায়যায়দিন** (পৃ.৩,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **ভোরের কাগজ, জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, এশিয়ান এজ :** আজ বাঙালির স্বাধীনতা অর্জনের পথে ঐতিহাসিক দিন মুজিবনগর দিবস উল্লেখ করে এ দিবসে সকলকে সাম্প্রদায়িক শক্তিকে উপড়ে ফেলার প্রত্যয় ব্যক্ত করার আহ্বান।

খ. **সংবাদ, সমকাল, বণিক বার্তা, ডেইলি স্টার :** সুন্দরবনের ভেতরে মোংলা সমুদ্রবন্দরের পশুর চ্যানেলে ৭৭৫ টন কয়লা নিয়ে লাইটার জাহাজ ডুবে যাওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে সুন্দরবনের ভেতর দিয়ে নৌযান চলাচল বন্ধ করার পাশাপাশি বন সংলগ্ন শিল্প কারখানা স্থাপন অবিলম্বে বন্ধ করার দাবি।

গ. **ইনকিলাব, যুগান্তর, যায়যায়দিন, সমকাল, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ :** টঙ্গী রেলওয়ে জংশনের অদূরে জামালপুর কমিউটার ট্রেনের ৫টি বগি লাইনচ্যুত হওয়ার ঘটনায় কয়েকজন যাত্রী নিহত ও অর্ধশত আহত

হওয়ার ঘটনা তুলে ধরে দুর্ঘটনার প্রকৃত কারণ অনুসন্ধান করে দায়ীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ. **ইত্তেফাক :** ডিজিটাল বাংলাদেশ এগিয়ে নেওয়ার সাথে সাথে সাইবার নিরাপত্তার লক্ষ্যে সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের ওয়েবসাইটগুলোর নিরাপত্তায় যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **বণিকবার্তা** : প্রবাসী বাংলাদেশিদের একটি উল্লেখযোগ্য অংশ বিদেশে ভালো কাজের পরিবেশ পান না এবং যথেষ্ট অর্থ উপার্জন করতে সক্ষম হন না উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নজর দেওয়ার সুপারিশ।

চ. **নিউজ টুডে, নিউ এজ, ডেইলি স্টার, এশিয়ান এজ, অবজারভার** : রোহিঙ্গাদের প্রত্যাবাসনে কোনো পদক্ষেপ মিয়ানমার সরকার না নেওয়ায় উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে রোহিঙ্গাদের নিজ দেশে প্রত্যাবাসনে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বরোপ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বর্তমান ভূরাজনৈতিক পরিস্থিতিতে বিশ্বের নিপীড়িত মুক্তিকামী মানুষের মুক্তি আর স্বাধীনতার পরীক্ষিত মডেল হতে পারে ঐতিহাসিক মুজিবনগর সরকার গঠন।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত **'প্রযুক্তির অপব্যবহারে বিপন্ন নারী শিশু ও যুবসমাজ'** শিরোনামের নিবন্ধে মোবাইল ফোনের সঠিক ব্যবহার নিশ্চিত করার কথা বলা হয়েছে।

#

মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা